গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
জামালপুর সদর, জামালপুর
http://food.jamalpursadar.jamalpur.gov.bd

স্মারক নং- ১৩.০১.৩৯৩৬.০০৩.১১.০৩৯.২৫-১০২ তারিখ: ১৬/০২/২০২৫খ্রি.

# জামালপুর সদর উপজেলায় ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১০/২০২৪খ্রিঃ তারিখের ২০৭নং স্মারকে জারীকৃত খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪খ্রিঃ এবং উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর মহোদয়ের অনুমোদনক্রমে খাদ্যবান্ধব কার্যক্রমে খাদ্যশস্য বিক্রয়ের জন্য জামালপুর সদর উপজেলায় ১৫(পনের)টি ইউনিয়নের নিম্নে ছক মোতাবেক ৬৩(তেষট্টি)টি বিক্রয় কেন্দ্রে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে।

নির্ধারিত আবেদন ফরমসহ চাহিত কাগজপত্রাদি খামে ভরে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর অফিসে রক্ষিত আবেদন বক্সে আগামী ২৪/০২/২০২৫খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। খামের উপর ডান পার্শ্বে ইউনিয়নের নাম ও বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে।

নির্ধারিত আবেদন ফরম ছাড়া কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না, যা সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রস্তাবিত বিক্রয় কেন্দ্র ভিত্তিক একাধিক আবেদনকারী হলে উন্মুক্ত লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন সম্পন্ন করা হবে।

**নির্ধারিত বিক্রয় কেন্দ্রের অবস্থান:**

| ক্র: নং | ইউনিয়নের নাম | কার্ড সংখ্যা | ডিলার সংখ্যা | প্রস্তাবিত বিক্রয় কেন্দ্র |
|---|---|---|---|---|
| ০১ | কেন্দুয়া ইউনিয়ন | ২,৪২১ | ০৫ | ১) বিনন্দের বাজার; ২) কেন্দুয়া বাজার; ৩) কেন্দুয়া গুরুস্তানের মোড়; ৪) গোপালপুর ঘুন্টিঘর; ৫) পন্ডিতপাড়া মোড়। |
| ০২ | শরিফপুর ইউনিয়ন | ২,৯৪১ | ০৬ | ১) শরিফপুর বাজার; ২) রনরামপুর বাজার; ৩) বানার নয়ার বাজার; ৪) গোদাশিমলা চৌরাস্তা মোড়; ৫) রামপুর; ৬) বাদেচান্দী মোড়। |
| ০৩ | লক্ষীরচর ইউনিয়ন | ১,৮৮২ | ০৪ | ১) যথার্থপুর বাজার; ২) বারুয়ামারী বাজার; ৩) চর গজারিয়া বাজার; ৪) লক্ষীরচর মধ্যপাড়া। |
| ০৪ | তুলশিরচর ইউনিয়ন | ১,৮৬০ | ০৪ | ১) টিকরাকান্দী; ২) টেবিরচর; ৩) মানিকার চর; ৪) আনন্দ বাজার। |
| ০৫ | ইটাইল ইউনিয়ন | ১,৬৮৯ | ০৩ | ১) জামতলী বাজার; ২) নায়েব আলী মোড়; ৩) জাগরনী বাজার। |
| ০৬ | নরুন্দি ইউনিয়ন | ২,০২৩ | ০৪ | ১) নরুন্দি বাজার; ২) তারাগঞ্জ; ৩) আমলীতলা বাজার; ৪) বন্ধু বাজার। |
| ০৭ | ঘোড়াধাপ ইউনিয়ন | ১,৯৭৩ | ০৪ | ১) ঘোড়াধাপ বাজার; ২) ভারুয়াখালী বাজার; ৩) জোকা ছাবুর মোড়; ৪) হরিনাকান্দা মোড়। |
| ০৮ | বাশচড়া ইউনিয়ন | ২,০১৫ | ০৪ | ১) লাহিড়ীকান্দা বাজার; ২) গোপালপুর বাজার; ৩) বাশচড়া বাজার; ৪) জামিরা বাজার। |
| ০৯ | রানাগাছা ইউনিয়ন | ২,৭০১ | ০৫ | ১) নান্দিনা পূর্ব বাজার; ২) নান্দিনা পশ্চিম বাজার; ৩) মহেশপুর কালিবাড়ী; ৪) বানারেরপাড় মাদ্রাসা; ৫) চকবেলতৈল বাজার। |
| ১০ | শ্রীপুর ইউনিয়ন | ১,৭৩৭ | ০৩ | ১) শ্রীপুর মোড়; ২) হায়েতপুর; ৩) ভালুকা বাজার। |
| ১১ | শাহবাজপুর ইউনিয়ন | ২,৪৬৯ | ০৫ | ১) কৈডোলা বাজার (উত্তর); ২) কৈডোলা বাজার (দক্ষিণ); ৩) শাহবাজপুর বাজার; ৪) সরদারপাড়া (নতুন বাজার); ৫) শাহবাজপুর পশ্চিম বাজার; |
| ১২ | তিতপল্লা ইউনিয়ন | ২,১৯৬ | ০৪ | ১) কামালখান বাজার (উত্তর); ২) পাবই বাজার; ৩) কামালখান বাজার (দক্ষিণ); ৪) মান্নাফিয়া ফুগলই মোড়। |
| ১৩ | মেষ্টা ইউনিয়ন | ২,২৩৩ | ০৪ | ১) জালিয়াপাড় বাজার; ২) মেষ্টা চৌরাস্তা মোড়; ৩) আড়ংহাটি বাজার; ৪) হাজীপুর বাজার। |
| ১৪ | দিগপাইত ইউনিয়ন | ২,২৪৯ | ০৪ | ১) ছোনটিয়া বাজার; ২) মোহনপুর বাজার; ৩) দিগপাইত বাজার; ৪) ছোনটিয়া মোড়। |
| ১৫ | রশিদপুর ইউনিয়ন | ১,৯৪৩ | ০৪ | ১) তুলশিপুর; ২) এলাহী বাজার; ৩) তুলশিপুর বাজার; ৪) পাকুল্ল্যা পুকুরপাড় বাজার। |
| | সর্বমোট= | ৩২,৩৩২ | ৬৩ | |

**খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনকারীর নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে:-**

ক) ডিলার নিয়োগে আগ্রহী ব্যক্তিকে নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে।
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর হতে নির্ধারিত আবেদন ফরম সরবরাহ করা হবে।

খ) বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্সধারী থাকতে হবে।

ঘ) আবেদনকারীকে খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।

ঙ) আবেদনকারীর কমপক্ষে ১৫(পনের) মে:টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী গুদামঘর থাকতে হবে।

চ) আবেদনকারী ইউনিয়নের বড় হাট/ বাজারে নিজস্ব/ ভাড়ায় দোকান থাকতে হবে।

ছ) নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।

জ) খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভূক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না; একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না;

ঝ) প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/ কর্মচারী/ জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

ঞ) কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতিত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গিকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে এর ব্যত্যয় হলে উক্ত ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।

ট) খাদ্যবান্ধব ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

ঠ) আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষেণের উপযোগী হতে হবে।

ড) আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে।

ঢ) এক ব্যক্তি একাধিক কেন্দ্রে খাদ্যবান্ধব ডিলার হিসাবে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না। যদি কেহ একাধিক কেন্দ্রে ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনপত্র দাখিল করেন তাহলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হলো।

**আবেদন পত্রের সঙ্গে যা প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে (ফটোকপি কাগজপত্রাদি সত্যায়িত হতে হবে)**

০১। পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি (সত্যায়িত) ছবি;
০২। ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
০৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক ট্রেড লাইসেন্স এর ফটোকপি (সত্যায়িত);
০৪। দোকানের মালিকানা/ ভাড়া সংক্রান্ত কাগজের ফটোকপি (সত্যায়িত);
০৫। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত);
০৬। নাগরিকত্ব সনদপত্র;
০৭। ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র;
০৮। অঙ্গীকারনামা;

খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪খ্রি. অনুযায়ী খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২৫/০২/২৫

আয়মান বিনতে ফেরদৌস
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জামালপুর সদর, জামালপুর।
ucf.jmp.sadar@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৩৯৩৬.০০৩.১১.০৩৯.২৫-১০২/১(১২)
তারিখ: ১৬/০২/২০২৫খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/ সরবরাহ বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
৭। উপজেলা কৃষি/সমাজসেবা/পরিসংখ্যান/শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জামালপুর সদর থানা, জামালপুর সদর, জামালপুর।
৯। চেয়ারম্যান/ প্রশাসক/ দায়িত্বপ্রাপ্ত, ...................................... ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
১০। সভাপতি, প্রেস ক্লাব, জামালপুর।
১১। নোটিশ বোর্ড, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর।
১২। অফিস কপি।

২৫/০২/২৫

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জামালপুর সদর, জামালপুর।